সমকাল

তারিখ ....29 MAY 2016....
পৃ: ...৩... কলাম ...৪......

# ভালুকায় শিক্ষার্থীদের মহাসড়ক অবরোধ স্কুলে তালা

■ ভালুকা (ময়মনসিংহ) প্রতিনিধি

ভালুকা উপজেলার জামিরদিয়া আবদুল গণি মাস্টার আদর্শ উচ্চ বিদ্যালয়ের বহিষ্কৃত প্রধান শিক্ষক আফজাল হোসেন ওই প্রতিষ্ঠানে ফের যোগদান করছেন– এমন খবর শুনে শনিবার সকালে স্কুলের শিক্ষার্থীরা জামিরদিয়া মাস্টারবাড়ি এলাকায় বিক্ষোভ করে ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক অবরোধ করে। বিক্ষোভ মিছিল শেষে শিক্ষার্থীরা স্কুলে তালা ঝুলিয়ে দেয়।

আবদুল গণি মাস্টার আদর্শ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক আফজাল হোসেনকে প্রতিষ্ঠানের অর্থ আত্মসাৎ, নারী কেলেঙ্কারি, সভাপতির স্বাক্ষর জাল ও শিক্ষকদের সঙ্গে অসৌজন্যমূলক আচরণ করার অভিযোগে পরিচালনা কমিটি ২০১৫ সালের ২৭ মে প্রতিষ্ঠান থেকে বহিষ্কার করে। পরে প্রধান শিক্ষক তার বহিষ্কারের আদেশের বিরুদ্ধে হাইকোর্টে রিট করলে কোর্ট তাকে স্কুলে যোগদানের জন্য নির্দেশ দেন। এ অবস্থায় গত ১৬ অক্টোবর পুলিশ নিয়ে প্রতিষ্ঠানে যোগদান করার চেষ্টা করলে স্কুলের শিক্ষার্থীদের বাধার মুখে সেখানে যোগদান করতে পারেননি তিনি। এদিকে ওই রিটের বিরুদ্ধে স্কুলের তৎকালীন সভাপতি আপিল করলে আপিলটি কোর্ট খারিজ করে দিয়ে প্রধান শিক্ষককে স্কুলে যোগদানের নির্দেশ দেন। শনিবার কোর্টের আদেশ নিয়ে স্কুলে যোগদান করতে গেলে ছাত্রছাত্রীরা বিক্ষুব্ধ হয়ে ওঠে।

অভিযুক্ত প্রধান শিক্ষক আফজাল হোসেন জানান, তার বিরুদ্ধে বহিষ্কারাদেশটি হাইকোর্ট অবৈধ ঘোষণা করেছেন।